গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
টেকনাফ, কক্সবাজার।

স্মারক নং-৫১.০১.২২৯০.০০০.৪১.০০০.২১.৩৩৫ তারিখঃ ১৬/০৫/২০২২ খ্রি.।

**বিষয়ঃ ২০২১-২০২২ অর্থ বছরের "সাধারণ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচীর আওতায় ৩য় পর্যায়ে নন-সোলার খাতে বরাদ্দকৃত নগদ অর্থ ইউনিয়নওয়ারী বিভাজনের ভিত্তিতে প্রকল্প তালিকা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।**

সূত্র ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাক-এর স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০১৯.২২.৯০ তারিখঃ ১২/০৪/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত বরাদ্দপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে "সাধারণ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় ৩য় পর্যায়ে অত্র উপজেলার অনুকূলে নন-সোলার খাতে **১১,৬০,৮০৩.১৩ *( এগারো লক্ষ ষাট হাজার আটশত তিন দশমিক এক তিন ) টাকার*** বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত নগদ অর্থ পরিপত্র মোতাবেক ২০% বাবদ ***২,৩২,১৬০/- (দুই লক্ষ বত্রিশ হাজার একশত ষাট) টাকা*** উপজেলা কমিটি রিজার্ভ রেখে অবশিষ্ট ***৯,২৮,৬৪৩.১৩ (নয় লক্ষ আটাশ হাজার ছয়শত তেতাল্লিশ দশমিক এক তিন) টাকা*** ৫০% জনসংখ্যা ও ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নরুপ হারে ইউনিয়ন ওয়ারী পুণঃবরাদ্দ করা হলো। উক্ত বরাদ্দের বিপরীতে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ইউনিয়ন কমিটি কর্তৃক আয়োজিত সভার কার্য্যবিবরনীসহ গৃহীত প্রকল্প তালিকা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী ***১৯/০৫/২০২২খ্রি*** তারিখের মধ্যে বাহক মারফত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ইউনিয়নের নাম</th><th>খাদ্যশস্যের (চাল) পরিমাণ</th><th></th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা কমিটি</td><td>২,৩২,১৬০.০০ টাকা</td><td rowspan="8">প্রকল্প গ্রহণে সর্বশেষ টিআর নির্দেশিকা অনুসরণ করে ৫০% জনসংখ্যা ও ৫০% আয়তনে ভিত্তিতে নিম্নরুপ হারে ইউনিয়ন ওয়ারী পুণঃবরাদ্দ করা হলো।</td></tr>
<tr><td>০২</td><td>হোয়াইক্যং ইউপি</td><td>২,১৯,৯৫৬.০০ টাকা</td></tr>
<tr><td>০৩</td><td>হ্নীলা ইউপি</td><td>১,৭১,৫১৮.০০ টাকা</td></tr>
<tr><td>০৪</td><td>টেকনাফ সদর ইউপি</td><td>২,১৫,৮৪৯.০০ টাকা</td></tr>
<tr><td>০৫</td><td>সাবরাং ইউপি</td><td>১,৯৬,৮৮২.০০ টাকা</td></tr>
<tr><td>০৬</td><td>বাহারছড়া ইউপি</td><td>৭৪,৩৬৪.০০ টাকা</td></tr>
<tr><td>০৭</td><td>সেন্টমার্টিন ইউপি</td><td>৫০,০৭৪.১৩ টাকা</td></tr>
<tr><td colspan="2">মোট টাকা=</td><td>১১,৬০,৮০৩.১৩ টাকা</td></tr>
</table>

১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন কমিটি কর্তৃক আয়োজিত সভার মাধ্যমে অগ্রাধিকার তালিকা হতে প্রকল্প নির্বাচন করে প্রকল্প প্রস্তাব এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব সভার কার্যবিবরণী সহ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।

২) এ কর্মসূচীর আওতায় বরাদ্দকৃত টাকা ব্যয় প্রচলিত সকল আর্থিক বিধান ও টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরন নিশ্চিত করতঃ কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।

৩) <u>প্রকল্প বাছাই প্রক্রিয়া নিম্নরুপ হবেঃ-</u>

I) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

II) উক্ত কর্মসূচীর আওতায় বিগত বছরের কাবিখা প্রকল্পের রক্ষণাবেক্ষণ কাজ; (খ) বাঁধ ও রাস্তা রক্ষণাবেক্ষণ; (গ) নালা নির্মাণ/সংস্কার, নর্দমা খনন এবং সংরক্ষণ; (ঘ) ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্টানসমূহ মেরামত/উন্নয়ন; (ঙ) সেনেটারী ল্যাট্রিন নির্মাণসহ জনস্বাস্থ্য এবং পরিবেশ উন্নয়নকল্পে জনহিতকর কার্য সম্পাদন; (চ) গ্রামীণ যাতায়াত ব্যবস্থার সুবিধার্থে বাঁশ/কাঠের সাঁকো নির্মাণ; (ছ) এলাকা ভিত্তিক গভীর নলকূপ স্থাপন; (জ) গাইডওয়াল নির্মাণ; (ঝ) কাবিখার আওতায় নির্মিত ব্রীজ/কালভার্ট মেরামত; (ঞ) শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ হিসেবে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ; (ট) রাস্তার সীমানা এবং পুকুর/জলাশয়ের পাড় বরাবর খাঁচা স্থাপনসহ বৃক্ষ রোপন।

III) পুকুর / জলাশয় ভরাটের কোন প্রকল্প প্রস্তাব করা যাবে না।

৪) প্রত্যেকটি প্রকল্পের জন্য ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন পূর্বক গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ইউনিয়ন কমিটির সভায় অনুমোদনসহ গঠিত কমিটি ও সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভূক্তির বিষয়ে সম্মতি আছে কি না এর প্রমাণস্বরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটির প্রস্তাব ফর্মে সকলের স্বাক্ষর থাকবে সেই সাথে যোগাযোগের জন্য মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি প্রকল্প বাস্তবায়ন কমিটির ফরমের সাথে সংযুক্ত করতে হবে। উক্ত ফরম একই সাথে সদস্যদের নমুনা স্বাক্ষরের ফরম হিসেবে বিবেচিত হবে। প্রকল্প কমিটির সভাপতি ও সদস্য সচিব অত্রাফিসের ত্রাণ শাখায় উপস্থিত হয়ে ২জন স্বাক্ষির উপস্থিতিতে প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পাদন করবো মর্মে অঙ্গিকারাবদ্ধ হয়ে ৩০০/-(তিনশত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করবে।

৫) প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য/মহিলা সদস্য এবং পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর হতে হবে।

৬) একই অর্থ বছরে কোন ইউনিয়ন/পৌরসভায় ৩টির অধিক প্রকল্প থাকলে প্রতি ৪টি প্রকল্পের মধ্যে অন্তত ০১টি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যন সংশ্লিষ্ট মহিলা সদস্য/মহিলা কাউন্সিলরদের মধ্য হতে করতে হবে।

৭) স্কুল/কলেজ/মসজিদ/মাদ্রাসা/এতিমখানা/মন্দির ও অন্যান্য জনকল্যাণমূলক/সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/গভর্নিং বডির সদস্যদের মধ্য হতে ৫ সদস্যের একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে এই প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি করতে হবে।

৮) পিআইসিতে অন্যান্য সদস্যদের মধ্যে ইউপি সদস্য/মহিলা সদস্য/ওয়ার্ড কাউন্সিলর/ওয়ার্ড কমিশনার ছাড়াও একজন স্কুল শিক্ষক (বেসরকারী)/ মসজিদের ঈমাম/সমাজকর্মী/গণ্যমাণ্য ব্যক্তি থাকতে পারবেন।

৯) ব্যক্তি মালিকানাধিণ ও বিরোধপূর্ন জমিতে উপরোল্লিখিত প্রকল্প গ্রহণ করা যাবে না।

১০) কোন অবস্থাতেই একই অর্থ বছরে এক ব্যক্তি ০২টি'র বেশী গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচী প্রকল্পের সভাপতি হতে পারবেন না।

১১) কোন সরকারী কর্মচারী প্রকল্প বাস্তবায়ন কমিটিতে অন্তর্ভূক্ত থাকতে পারবে না। তবে কোন সরকারী প্রতিষ্ঠানে খাদ্যশস্য/নগদ টাকা বরাদ্দ করা হলে ঐ প্রতিষ্ঠানের প্রধাণ/মনোনীত প্রতিনিধি প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব হতে পারবেন।

এমতাবস্থায় উল্লেখিত শর্ত মোতাবেক আগামী ১৯/০৫/২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোহাম্মদ কায়সার খসরু
উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার।
মোবাইল: ০১৮৫১৯৬৬৯৬৬

১। ইউপি চেয়ারম্যান................................(সকল), টেকনাফ, কক্সবাজার।

স্মারক নং-৫১.০১.২২৯০.০০০.৪১.০০০.২১.৩৩৫ তারিখঃ ১৬/০৫/২০২২ খ্রি.।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হল-

১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ, কক্সবাজার।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কক্সবাজার।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
টেকনাফ, কক্সবাজার।

স্মারক নং-৫১.০১.২২৯০.০০০.৪১.০০০.২১.৩৩৬ তারিখঃ ১৬/০৫/২০২২ খ্রি.।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থ বছরের "সাধারণ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা)" কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ে বরাদ্দকৃত নগদ অর্থ, চাল ইউনিয়নওয়ারী বিভাজনের ভিত্তিতে প্রকল্প তালিকা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।

সূত্র ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাক-এর স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০১৫.২২.৯৭ তারিখঃ ০৬/০৪/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত বরাদ্দপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে "সাধারণ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ে অত্র উপজেলা পরিষদের অনুকূলে ১৫,২৩,৪৬২.২৫/- (পনেরো লক্ষ তেইশ হাজার চারশত বাষট্টি দশমিক দুই পাঁচ) টাকা, ২০.২৯১৭ (বিশ দশমিক দুই নয় এক সাত) মে.টন চাল বরাদ্দ পাওয়া যায়। পরিপত্রের নির্দেশনা মোতাবেক বরাদ্দকৃত নগদ অর্থ, চাল, হতে ২০% উপজেলা কমিটি রিজার্ভ রেখে অবশিষ্ট নগদ অর্থ, চাল, ৫০% জনসংখ্যা ও ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নরূপ হারে ইউনিয়ন ওয়ারী পুণঃবরাদ্দ করা হলো। উক্ত বরাদ্দের বিপরীতে গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত ইউনিয়ন কমিটি কর্তৃক আয়োজিত সভার কার্যবিবরনীসহ গৃহীত প্রকল্প তালিকা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী ১৯/০৫/২০২২খ্রিঃ তারিখের মধ্যে বাহক মারফত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | নগদ টাকা পরিমাণ | খাদ্য শস্য (চাল) মে.টন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কমিটি | ৩,০৪,৬৯২.৪৫ | ৪.০৫৮৩ |
| ০২ | হোয়াইক্যং ইউপি | ৩,০০,৯৮৫.০০ | ৪.০০০ |
| ০৩ | হ্নীলা ইউপি | ২,০০,১০৪.০০ | ৩.০০০ |
| ০৪ | টেকনাফ সদর ইউপি | ২,০০,২৮৫.০০ | ৩.০০০ |
| ০৫ | সাবরাং ইউপি | ২,৯৭,৩৯৫.৮০ | ৩.২৩৩৪ |
| ০৬ | বাহারছড়া ইউপি | ১,২০,০০০.০০ | ০.০০০ |
| ০৭ | সেন্টমার্টিন ইউপি | ১,০০,০০০.০০ | ০.০০০ |
| | মোট = | ১৫,২৩,৪৬২.২৫০/- টাকা | ২০.২৯১৭ মে.টন |

শর্তাবলী:

১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচীর আওতায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন কমিটি কর্তৃক আয়োজিত সভার মাধ্যমে অগ্রাধিকার তালিকা হতে প্রকল্প নির্বাচন করে প্রকল্প প্রস্তাব এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব সভার কার্যবিবরণী সহ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।

২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচী নির্দেশিকা ২০২১ অনুসরন নিশ্চিত করতঃ কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।

৩) <u>প্রকল্প বাছাই প্রক্রিয়া নিম্নরুপ হবেঃ-</u>

I) উক্ত কর্মসূচীর আওতায় পুকুর/খাল খনন/পুণঃ খনন, রাস্তা নির্মাণ/পুণঃ নির্মাণ, রাস্তা-বাঁধ নির্মাণ/পুনঃ নির্মাণ, জলাবদ্ধতা দুরীকরণের জন্য নালা ও সেচনালা খনন/পুণঃ খনন এবং বিভিন্ন জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মাঠে মাটি ভরাট, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, উপাসনালয়, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ ভবন ও দুঃস্থ্য পরিবার পর্যায়ে সোলার প্যানেল ও বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে।

II) পুকুর / জলাশয় ভরাটের কোন প্রকল্প প্রস্তাব করা যাবে না।

৪) প্রত্যেক প্রকল্পের জন্য ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন পূর্বক ইউনিয়ন পরিষদের সভায় অনুমোদনসহ কার্যবিবরণী দাখিল করতে হবে। গঠিত কমিটি নির্ধারিত ছক অনুযায়ী তৈরী করে কমিটির চেয়ারম্যান ও সেক্রেটারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৫) কমিটিতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সদস্য / সদস্যা ছাড়াও একজন বে-সরকারী স্কুল শিক্ষক, সমাজকর্মী ও আনসার ভিডিপিসহ একজন মহিলা সদস্য থাকবেন। প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সদস্য / সদস্যা হতে হবে। একই অর্থ বছরে ০৩(তিন)টি'র অধিক প্রকল্প থাকলে, কমপক্ষে একটি প্রকল্পের চেয়ারম্যান অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা সদস্য নিয়ে গঠন করতে হবে। প্রকল্প কমিটিতে সকল সদস্যের মোবাইল নং ও স্বাক্ষর থাকতে হবে। প্রকল্প কমিটির সভাপতি ও সেক্রেটারী কর্তৃক ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৬) ব্যক্তি মালিকানাধিণ ও বিরোধপূর্ন জমিতে উপরোল্লিখিত প্রকল্প গ্রহণ করা যাবে না।

৭) কোন অবস্থাতেই একই অর্থ বছরে এক ব্যক্তি ০২(দুই)টি'র বেশী গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর প্রকল্পের সভাপতি হতে পারবেন না।

৮) কোন সরকারী কর্মচারী প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হতে পারবেন না।

এমতাবস্থায় উল্লেখিত শর্ত মোতাবেক আগামী ১৯/০৫/২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোহাম্মদ কায়সার খসরু
উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার।

*১। ইউপি চেয়ারম্যান.......................................... (সকল), টেকনাফ, কক্সবাজার।*

স্মারক নং-৫১.০১.২২৯০.০০০.৪১.০০০.২১.৩৩৬ তারিখঃ ১৬/০৫/২০২২ খ্রি.।

অনুলিপি ঃ <u>সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ-</u>

১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ, কক্সবাজার।
৪। জেলা ত্রাণ ও পুনবার্সন কর্মকর্তা, কক্সবাজার।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার